গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ**
দক্ষিণ নগর ভবন ১৪তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েব সাইট: www.dtca.gov.bd

স্মারক নং-৩৫.০২.০০০০.০১৬.৫৩.০০১.১৯-৬৫২ তারিখ: ০৯-১০-২০১৯ খ্রি:

বিষয়: বিআরটি আইন, ২০১৬ এর অধীনে প্রণীত বিধিমালার খসড়ার উপর মতামত প্রদান।

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর আওতায় বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) আইন, ২০১৬ (২০১৬ সনের ৪৯ নং আইন) এর ধারা ৫১-এ প্রদত্ত ক্ষমতা বলে বিধিমালার খসড়া তৈরি করা হয়েছে (সংযুক্ত)। উক্ত বিধিমালার খসড়ার উপর মতামত আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে সফট কপিসহ (নিকস ফন্টে) নিম্নস্বাক্ষরকারীর নিকট (ম্যাস ট্রানজিট শাখায়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

Tusher
৯/১০/১৯
মো: তুষার
সহকারী ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি)
মোবাইল: ০১৭১২৫০৫০৫১

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি/ম্যাস ট্রানজিট/টিএমপিটিআই), ডিটিসিএ।
০২। পরিচালক (প্রশাসন), ডিটিসিএ।
০৩। ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ডিটিসিএ।
০৪। সিনিয়র আরবান প্ল্যানার, ডিটিসিএ।
০৫। ট্রেনিং এ্যাডভাইজার, ডিটিসিএ।
০৬। ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার, ডিটিসিএ।
০৭। ট্রাফিক ইঞ্জিনিয়ার, ডিটিসিএ।
০৮। ট্রান্সপোর্ট প্ল্যানার, ডিটিসিএ।
০৯। আরবান প্ল্যানার, ডিটিসিএ।
১০। হিসাব ও অর্থ কর্মকর্তা, ডিটিসিএ।
১১। পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার, ডিটিসিএ।
১২। সকল কর্মকর্তা..........................................................................ডিটিসিএ।
১৩। জনাব মো: সাইফুল ইসলাম, সহকারী ট্রান্সপোর্ট ইকোনোমিষ্ট, ডিটিসিএ (খসড়ার স্ক্যান কপিসহ ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। পিএস টু নির্বাহী পরিচালক, ডিটিসিএ (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। অফিস কপি/মাস্টার ফাইল।।

D:\AED (MT)\BRT Rules\Forwarding.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

# প্রজ্ঞাপন

এস, আর, ও নং বাস র‌্যাপিড ট্রানজিট (বিআরটি) আইন, ২০১৬ (২০১৬ সনের ৪৯ নং আইন) এর ধারা ৫১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

## প্রথম অধ্যায়
## প্রারম্ভিক

১। **শিরোনাম ও প্রবর্তন।**–(১) এই বিধিমালা বিআরটি বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**–(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালয়

(ক) "আইন" অর্থ বিআরটি আইন, ২০১৬ ( ২০১৬ সনের ৪৯ নং আইন);

(খ) "বাছাই কমিটি" অর্থ আইনের ধারা ১১ এর উপ-ধারা (১) এর অধীন গঠিত বাছাই কমিটি এবং

(গ) "ভাড়া নির্ধারণ কমিটি" অর্থ আইনের ধারা ২০ এর উপ-ধারা (১) এর অধীন ভাড়া নির্ধারণ কমিটি;

(ঘ) 'বিআরটি' অর্থ বিআরটি আইন, ২০১৬ (২০১৬ সনের ৪৯ নং আইন)-এ বর্ণিত বাস র‌্যাপিড ট্রানজিট; এবং

(ঙ) "সরকার" অর্থ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে, কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, ঐ সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থ বুঝাইবে।

## দ্বিতীয় অধ্যায়
## লাইসেন্স, ইত্যাদি

৩। **লাইসেন্সের জন্য আবেদন।**– আইন ও এই বিধিমালার অধীন বিআরটি নির্মাণ, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য কোন ব্যক্তি সরকারের নিকট 'ফরম-ক' তে উল্লিখিত তথ্য ও কাগজপত্রাদিসহ লাইসেন্সের জন্য আবেদন করিতে হইবে।

৪। **লাইসেন্স ফিস।**– (১) বিআরটি নির্মাণ, পরিচালনা বা রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য লাইসেন্স ফিস হইবে ২,০০ (দুইশত) কোটি টাকা।

(২) আইন ও এই বিধিমালার অধীন লাইসেন্স ফিসের অর্থ সরকারের অনুকূলে, কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

৫। **বাছাই কমিটির গঠন ।**– আইনের ধারা ১১ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে লাইসেন্স প্রদান ও নবায়নের উদ্দেশ্যে সরকার, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বাছাই কমিটি গঠন করিবে, যথা:-

(ক) নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(গ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক মনোনীত উক্ত অধিদপ্তরের অন্যূন অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঙ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন উপ-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(চ) ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার একজন অতিরিক্ত নির্বাহী পরিচালক, যিনি উহার সচিবও হইবেন;

তবে শর্ত থাকে যে, এই বিধির কোন বিধান, কর্তৃপক্ষ ও সরকারের কর্মকর্তাগণের মধ্য হইতে বাছাই কমিটির যে কোন কর্মকর্তাকে মনোনয়ন বা মনোনীত কোন সদস্যকে পরিবর্তনে সরকারকে বারিত করিবে না।

৬। **বাছাই কমিটির দায়িত্ব ও কার্যাবলী।**– বাছাই কমিটি বিধি ৩ এর অধীন আবেদনপত্র প্রাপ্ত হইলে বিধি ৭ এর উপ-বিধি (২) এর অধীন সুপারিশ প্রদানের জন্য বাছাই কমিটি নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিবে, যথা:-

(১) ব্যবসা পরিকল্পনা ও আর্থিক স্থিতি পর্যালোচনা;

(২) বিআরটি পরিচালনা সংক্রান্ত সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা পরীক্ষা;

(৩) পরিবেশগত সুরক্ষা প্রস্তাবের পর্যাপ্ততা যাচাই;

(৪) পরিচালনা-পরিকল্পনার অতিরিক্ত অন্য যে কোন সেবা বা ব্যবসা পরিকল্পনা, যদি থাকে, উহার যথার্থতা ও গ্রহণযোগ্যতা;

(৫) প্রস্তাবিত সেবাসমূহ পর্যাপ্ত, যথার্থ ও গ্রহণযোগ্য কিনা;

(৬) সন্তোষজনক বাস র‌্যাপিড ট্রানজিট (বিআরটি) সেবা প্রদানের সক্ষমতা;

(৭) বিধি ৮ এ বর্ণিত কোন কারণে আবেদনকারী লাইসেন্স প্রাপ্তির অযোগ্য কিনা উহা যাচাই করা;

(৮) বিআরটি সেবা জনগণের জন্য উন্মুক্ত করিবার পরিকল্পিত সময়সূচি যথার্থ ও গ্রহণযোগ্য কিনা;

(৯) তফসিল-১ এ বর্ণিত রুট বিণ্যাস যথার্থ ও গ্রহণযোগ্য কিনা;

(১০) লাইসেন্স ফিস জমা প্রদান সংক্রান্ত ব্যাংক-ড্রাফট অথবা পে-অর্ডার যাচাই করা;

(১১) ট্রেড লাইসেন্স যাচাই; এবং

(১২) আইন ও বিধিমালার অধীন প্রয়োজনীয় অন্যান্য বিষয় বিবেচনা।

৭। **লাইসেন্সের আবেদন মূল্যায়ণের পদ্ধতি।**–(১) বিধি ৩ এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর সরকার আবেদনে উল্লিখিত তথ্যাবলীর সত্যতা যাচাইয়ের জন্য উক্ত আবেদন প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে উহা বাছাই কমিটির নিকট প্রেরণ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে বাছাই কমিটি আবেদনে উল্লিখিত স্থান পরিদর্শন করিবে এবং প্রাপ্ত তথ্য ও কাগজপত্রাদি যাচাই বাছাই এবং বিস্তারিত অনুসন্ধানের পর সরকারের নিকট লাইসেন্স মঞ্জুর অথবা না-মঞ্জুর সংক্রান্ত বিষয়ে সুপারিশ করিবে।

(৩) উক্তরূপ সুপারিশ প্রাপ্তির পর সরকার-

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী বিআরটি নির্মাণ, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য সেবা প্রদানে এবং লাইসেন্সের শর্ত পূরণে সক্ষম, তাহা হইলে সরকার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে 'ফরম-খ' তে লাইসেন্স ইস্যু করিবে; অথবা

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, আবেদনকারী লাইসেন্সের অধিকাংশ শর্ত পূরণ করিতে সক্ষম হয় নাই তাহা হইলে আবেদনকারীর আবেদন সরাসরি না-মঞ্জুর করিয়া ১৫ (পনের) দিনের মধ্যে আবেদনকারীকে অবহিত করিবে।

৮। **লাইসেন্স প্রাপ্তিতে অযোগ্যতা।**– লাইসেন্সের জন্য আবেদনকারী কোন ব্যক্তি লাইসেন্স প্রাপ্তির অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন যদি-

(ক) ইতিপূর্বে তাহার লাইসন্স বাতিল করা হয় এবং অনুরূপ বাতিলের সময় হইতে ২ (দুই) বৎসর অতিক্রান্ত না হয়;

(খ) নৈতিক স্খলনজনিত কোনো ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন ২ (দুই) বৎসর কারাদন্ডে দন্ডিত হন এবং তাহার মুক্তি পাইবার পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত না হয়; অথবা

(গ) দেউলিয়া ঘোষিত হইবার পর যদি উক্ত দায় হইতে অব্যাহতি লাভ না করেন।

৯। **লাইসেন্সের মেয়াদ:** আইন ও বিধিমালার অধীন ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ হইবে ২৫ (পঁচিশ) বৎসর।

১০। **লাইসেন্স নবায়নের আবেদন।**– (১) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার অন্যূন ৯০ (নব্বই) দিন পূর্বে লাইসেন্স নবায়নের জন্য উপ-বিধি (৩) এ উল্লিখিত ফিসসহ লাইসেন্সী 'ফরম-গ' তে সরকারের নিকট আবেদন করিতে হইবে।

(২) লাইসেন্স নবায়নের আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ সংযুক্ত করিতে হইবে, যথা:-

(ক) প্রাক্কলনের ভিত্তিসহ লাইসেন্সের বর্তমান এবং বর্ধিত মেয়াদের আয় ও ব্যয়;

(খ) লাইসেন্সের বর্তমান এবং বর্ধিত মেয়াদে নগদ অর্থ প্রবাহ;

(গ) লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(ঘ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি; এবং নবায়ন ফিস প্রদানের ব্যাংক-ড্রাফট অথবা পে-অর্ডার।

(৩) লাইসেন্স নবায়ন ফিস হইবে মূল লাইসেন্স ফিসের শতকরা ৫ (পাঁচ) ভাগ অর্থ।

(৪) লাইসেন্স নবায়ন ফিসের অর্থ বিধি ৪ এর উপ-বিধি (২) অনুসারে জমা প্রদান করিতে হইবে।

(৫) লাইসেন্সে উল্লিখিত মেয়াদ শেষ হইবার পূর্বে লাইসেন্স নবায়ন করিতে ব্যর্থ হইলে' মেয়াদ শেষ হইবার পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে, লাইসেন্স ফিসের শতকরা ১০ (দশ) ভাগ অর্থের সমপরিমান নবায়ন ফিসসহ, লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা যাইবে।

১১। **লাইসেন্স নবায়ন**।– (১) সরকার লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে উহাতে বর্ণিত তথ্যের সত্যতা যাচাইয়ের জন্য বাছাই কমিটির নিকট প্রেরণ করিবে।

(২) বাছাই কমিটি আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে বিধি ৭ এর উপ-বিধি (২) এ বর্ণিত পদ্ধতি অনুযায়ী লাইসেন্স নবায়নের আবেদন মঞ্জুর অথবা না-মঞ্জুর করিবার জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করিবে।

(৩) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে সরকার লাইসেন্স নবায়নের সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা হইলে সংশ্লিষ্ট লাইসেন্স নবায়ন না হওয়া পর্যন্ত অথবা নবায়নের আবেদন প্রত্যাখান করা হইয়াছে মর্মে আবেদনকারীকে অবহিত না করা পর্যন্ত লাইসেন্সটি বহাল আছে বলিয়া গণ্য হইবে।

১২। **লাইসেন্স স্থগিতকরণ অথবা বাতিলকরণ।**– (১) সরকার যথাযথ মনে করিলে নিম্নবর্ণিত যে কোন কারণে কোন লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবে, যথা:-

(ক) লাইসেন্সী আইন বা এই বিধি বা আইনের অধীন প্রণীত অন্য কোন বিধি বা প্রবিধানের বিধান লঙঘন করিলে;

(খ) লাইসেন্সী কর্তৃক কর্তৃপক্ষের আইনানুগ আদেশ অমান্য করা হইলে;

(গ) লাইসেন্সী কর্তৃক লাইসেন্স বাতিলের জন্য আবেদন করা হইলে;

(ঘ) বিধি ৮ এ উল্লিখিত কোন অযোগ্যতার বিষয়সমূহ গোপন করিয়া লাইসেন্স গ্রহণ করিলে; এবং

(ঙ) লাইসেন্সে নির্দিষ্টকৃত সময়সীমার মধ্যে উহাতে উল্লিখিত সেবা প্রদানে ব্যর্থ হইলে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোন কারণে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী কর্তৃপক্ষ প্রস্তাবিত লাইসেন্স বাতিলকরণের কারণ উল্লেখপূর্বক তৎসম্পর্কে লাইসেন্সীর লিখিত বক্তব্য, যদি থাকে, ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের নির্দেশ সম্বলিত একটি লিখিত নোটিশ লাইসেন্সীকে প্রদান করিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন নোটিশের পরিপ্রেক্ষিতে লাইসেন্সীর কোন লিখিত বক্তব্য, যদি থাকে, বিবেচনার পর কর্তৃপক্ষ কোন শর্ত ব্যতিরেখে বা শর্ত সাপেক্ষে

(ক) লাইসেন্সীকে প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্তা গ্রহণের নির্দেশ দিতে পারিবে;

(খ) লাইসেন্সটি বাতিলের বিষয়ে সরকারের নিকট সুপারিশ প্রেরণ করিতে পারিবে;

(গ) নির্দিষ্ট মেয়াদের জন্য লাইসেন্সটি স্থগিত করিবার জন্য এবং প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সরকারকে অনুরোধ জানাইতে পারিবে।

১৩। **বিআরটি ব্যবসার উন্নয়ন সংক্রান্ত আদেশ।**– আইনের ধারা ২৩ এর অধীন পরিদর্শক কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করিলে, কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, লাইসেন্সী পর্যাপ্ত, নিরাপদ এবং সন্তোষজনক বিআরটি ব্যবস্থা বা সেবা পরিচালনা করিতে ব্যর্থ হইয়াছে, তাহা হইলে, পরিদর্শকের প্রতিবেদনের সুপারিশ বিবেচনাক্রমে কর্তৃপক্ষ নিম্নবর্ণিত সকল বা যে কোন আদেশ প্রদান করিতে পারিবে, যথা:-

(ক) ভাড়া সমন্বয়;

(খ) বাস পরিচালনার স্কিম (Scheme) পরিবর্তন;

(গ) বিআরটি সুবিধার গঠন পদ্ধতি, বিআরটি সুবিধার অথবা বাসের কাঠামো অথবা বিআরটি পরিচালনার উন্নয়ন;

(ঘ) যাত্রীদের জন্য নিরাপদ এবং আরামদায়ক বিআরটি নিশ্চিতকল্পে ব্যবস্থা গ্রহণ; এবং

(ঙ) বিআরটি সেবার সহিত জড়িত যে কোন ক্ষয়ক্ষতি অন্তর্ভুক্ত করিতে বীমা বৃদ্ধিকরণ।

১৪। **লাইসেন্সী কর্তৃক বিআরটি পরিচালনা স্থগিতকরণের ঘোষণা।**- (১) লাইসেন্সী তদপরিচালনাধীন বিআরটি সম্পূর্ণ বা উহার কোন অংশ স্থগিত করিতে চাহিলে তদসম্পর্কে কর্তৃপক্ষকে অন্যূন ৯০ (নব্বই) দিন পূর্বে লিখিতভাবে অবহিত করতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন অবহিতকরণের প্রেক্ষিতে কর্তৃপক্ষ উক্তরূপ স্থগিতের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন স্থগিতকরণের মেয়াদ অনধিক ১ (এক) বৎসর হইবে।

(৪) সরকার কর্তৃক অন্য কোন ব্যক্তিকে উপ-বিধি (২) এর অধীন স্থগিত লাইসেন্সীর পরিচালনাধীন বিআরটি পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করা যাইবে।

(৫) লাইসেন্সী উপ-বিধি (২) এর অধীন স্থগিতকৃত বিআরটি পরিচালনা পুনরায় আরম্ভের তারিখ কর্তৃপক্ষকে অবহিতপূর্বক পুনরায় আরম্ভের পূর্বানুমোদন গ্রহণ করিবে এবং কর্তৃপক্ষ, আইন ও এই বিধির বিধান সাপেক্ষে তদকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে বিআরটি পরিচালনা পুনরায় আরম্ভের পূর্বানুমোদন প্রদান করিতে পারিবে।

১৫। **লাইসেন্সী কর্তৃক বিআরটি পরিচালনা বাতিলকরণের ঘোষণা।**– (১) লাইসেন্সী লাইসেন্সের অধীন সম্পূর্ণ বিআরটি পরিচালনা বা উহার কোন অংশ পরিচালনা বাতিল করিতে চাহিলে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) বিআরটি সম্পূর্ণ বা যে অংশ পরিচালনা করিতে অনিচ্ছুক উহার বিবরণ; এবং

(গ) বাতিল করিবার সম্ভাব্য তারিখ।

(২) কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন সম্পূর্ণ বিআরটি পরিচালনা বা উহার কোন অংশ পরিচালনা বাতিলের ক্ষেত্রে জনসাধারণের দ্রুত ও উন্নত গণপরিবহন সেবা নিশ্চিত করিবার বিষয়ে সংশ্লিষ্ট স্থানীয় সরকার এবং স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিগণের নিকট হইতে তৎনির্ধারিত পদ্ধতিতে মতামত আহবানপূর্বক উহা বিবেচনা করিবে।

(৩) কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন গৃহীত আবেদনপত্র এবং উপ-বিধি (২) এর অধীন সংগৃহীত মতামত বাছাই কমিটির নিকট প্রেরণ করিবে এবং বাছাই কমিটির নিকট যদি ইহা প্রতীয়মান হয় যে, লাইসেন্স বাতিল করিলে জনগণের দ্রুত ও উন্নত গণপরিবহন সেবা বিঘ্নিত হওয়ার কোন সম্ভাবনা নাই, তাহা হইলে সেই মর্মে সরকারের নিকট সুপারিশ পেশ করিবে এবং উক্তরূপ সুপারিশ বিবেচনাক্রমে সরকার লাইসেন্স বাতিল করিতে পারিবে।

(৪) লাইসেন্সী তাহার লাইসেন্স বাতিল না হওয়া পর্যন্ত বিআরটি পরিচালনা অব্যাহত রাখিবে।

১৬। **লাইসেন্স পুন:ইস্যু ফিস।**– লাইসেন্স পুন:ইস্যু ফিস হইবে লাইসেন্স ফিসের শতকরা ২ (দুই) ভাগ অর্থ।

১৭। **লাইসেন্স ফিস, নবায়ন ফিস প্রত্যার্পণ।**– বিধি ৩ ও ১১ এর অধীন লাইসেন্সের জন্য আবেদন বা নবায়নের আবেদন নামঞ্জুর হইলে সরকার,

আবেদন নামঞ্জুরের তারিখ হইতে অনধিক ৩ (তিন) মাসের মধ্যে আবেদনকারীকে সংশ্লিষ্ট আবেদনের বিপরীতে সরকারের অনুকূলে জমাকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের সমুদয় অর্থ ফেরত প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, জমাকৃত অর্থ হইতে অর্জিত কোনরূপ সুদ বা লভ্যাংশ প্রদান করা হইবে না।

১৮। **লাইসেন্স সংরক্ষণ ও প্রদর্শন।**– (১) সরকার, তদকর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের একটি মুদ্রিত কপি সংরক্ষণ করিবে।

(২) যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ ৫০০ (পাঁচশত) টাকা ফিস পরিধশোধপূর্বক উক্ত লাইসেন্সের অনুলিপি সংগ্রহ করিতে পারিবে।

(৩) লাইসেন্সী যথাযথভাবে লাইসেন্স সংরক্ষণ করিবে এবং তাহার প্রতিষ্ঠানের একটি দৃষ্টিগ্রাহ্য স্থানে উহা প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) লাইসেন্স হারাইয়া গেলে, ধ্বংস অথবা ক্ষতিগ্রস্ত হইলে তাৎক্ষণিকভাবে সরকারকে অবহিত করিতে হইবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন লাইসেন্স হারাইয়া যাওয়া, ধ্বংস হওয়া বা ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়ে সরকারকে অবহিত করিবার অব্যবহিত পর লাইসেন্সী লাইসেন্স পুন:ইস্যু করিবার জন্য ‘ফরম-ঘ’ তে সরকার বরাবর আবেদন করিবে।

(৬) সরকার এই বিধিমালার বিধানাবলী অনুসরণপূর্বক আবেদন নিষ্পত্তি করিবে।

১৯। **লাইসেন্স হস্তান্তর।**– (১) লাইসেন্স ইস্যুর তারিখ হইতে ১০ (দশ) বৎসর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত লাইসেন্স হস্তান্তর করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স হস্তান্তরের ক্ষেত্রে হস্তান্তকারী ও হস্তান্তর গ্রহীতাকে নিম্নবর্ণিত তথ্যাদিসহ সরকারের নিকট আবেদন করিতে হইবে, যথা:-

(ক) হস্তান্তরকারী ও হস্তান্তর গ্রহীতা পক্ষসমূহের নাম ও ঠিকানা;

(খ) হস্তান্তরিতব্য লাইসেন্সের রুট;

(গ) লাইসেন্স হস্তান্তর ফিস জমাদানের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(ঘ) লাইসেন্স হস্তান্তরের সম্ভাব্য তারিখ; এবং

(ঙ) লাইসেন্স হস্তান্তরের কারণ।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ সংযুক্ত করিতে হইবে, যথা:-

(ক) হস্তান্তর চুক্তির খসড়ার অনুলিপি;

(খ) লাইসেন্স হস্তান্তর মূল্যের বিস্তারিত বিবরণী;

(গ) মূল্য পরিশোধ সংক্রান্ত তথ্য;

(ঘ) হস্তান্তর গ্রহীতা কর্তৃক বিআরটি কার্যক্রম পরিচালনার জন্য মোট তহবিলের পরিমাণ; এবং

(ঙ) হস্তান্তর গ্রহণে ইচ্ছুক পক্ষের আইন ও এই বিধির অধীন লাইসেন্স না থাকিলে 'ফরম-ক' তে উল্লিখিত কাগজপত্র।

(৪) সরকার, উপ-বিধি (২) এর অধীন লাইসেন্স হস্তান্তরের আবেদন প্রাপ্ত হইবার ৭ (সাত) দিনের মধ্যে উহা বাছাই কমিটির নিকট সুপারিশ প্রদানের জন্য প্রেরণ করিবে।

(৫) বাছাই কমিটি উপ-বিধি (৪) এর অধীন উক্ত আবেদন প্রাপ্তির পর বিধি ৭ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সরকারের নিকট সুপারিশ প্রেরণ করিবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন প্রাপ্ত সুপারিশের প্রেক্ষিতে সরকার লাইসেন্স হস্তান্তরের অনুমোদন প্রদান করিতে পারিবে।

## তৃতীয় অধ্যায়
## প্রবেশাধিকার

২০। **প্রবেশাধিকারে বিধি-নিষেধ।**– (১) লাইসেন্সী বা তাহার লিখিত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা তাহার প্রতিনিধি বা কর্মচারী আইনের ধারা ১৩ এবং নিম্নলিখিত বিধি-নিষেধ সাপেক্ষে বিআরটি এলাকার পার্শ্ববর্তী ভূমি ও স্থাপনার ভূতল, সমতল ও উপরিভাগে এবং স্থাপনায় প্রবেশ করিতে পারিবেন, যথা:-

(ক) কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ;

(খ) সংশ্লিষ্ট ভূমি বা স্থাপনার মালিককে উহাতে প্রবেশের ৭ (সাত) দিন পূর্বে নোটিশ প্রদানপূর্বক অবহিতকরণ;

(গ) ক্ষতিপূরণ প্রদান, প্রযোজ্য ক্ষেত্রে।

(২) লাইসেন্সী বা তাহার লিখিত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা তাহার প্রতিনিধি বা কর্মচারী উপ-বিধি (১) এর দফা (ক) এর অধীন কোন অনুমতি গ্রহণ করিতে চাহিলে তিনি কর্তৃপক্ষ বরাবর নিম্নবর্ণিত তথ্য সহকারে আবেদন করিবেন, যথা:-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) যে এলাকায় আবেদনকারী প্রবেশ করিতে ইচ্ছুক উক্ত এলাকার বিস্তারিত বিবরণ; এবং

(গ) আবেদনকারী প্রবেশ ইচ্ছুক এলাকায় যে কার্যক্রম পরিচালনা করিবেন উহার বিবরণ।

(৩) লাইসেন্সী বা তাহার লিখিত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা তাহার প্রতিনিধি বা কর্মচারী জীবন বা সম্পত্তির জন্য বিপজ্জনক বা উহার নিরাপত্তার বিঘ্নকারী কোন কিছু অপসারণ বা মেরামতের উদ্দেশ্য ব্যতীত, কোন কবরস্থানে বা শ্মশানে বা স্থানীয় জনসাধারণ পবিত্র মনে করেন এমন কোন স্থানে প্রবেশ করিতে পারিবেন না।

(৪) লাইসেন্সী বা তাহার লিখিত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা তাহার প্রতিনিধি বা কর্মচারী জীবন বা সম্পত্তির জন্য বিপজ্জনক বা উহার নিরাপত্তা বিঘ্নকারী কোন কিছু অপসারণ বা মেরামতের উদ্দেশ্যে উক্ত কবরস্থান, শ্মশান বা পবিত্র স্থানে প্রবেশের প্রয়োজন হইলে, উহার তত্ত্বাবধানকারীকে তাৎক্ষণিকভাবে পাওয়া না গেলে বা তাহার সম্মতি না পাওয়া গেলে কর্তৃপক্ষের লিখিত অনুমতিপূর্বক উক্ত ব্যক্তি উহাতে প্রবেশ করিতে বা কোন কার্য সম্পাদন করিতে পারিবেন।

(৫) লাইসেন্সী বা তাহার লিখিত ক্ষতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা তাহার প্রতিনিধি বা কর্মচারী কোন জমিতে এই বিধির অধীন কোন ক্ষমতা এমনভাবে প্রয়োগ করিবেন যেন উক্ত জমি ও পরিবেশের ক্ষতি ন্যূনতম পর্যয়ে থাকে, এবং উক্ত প্রয়োগের

কারণে ক্ষতি হইলে তিনি ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা সংস্থাকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবেন।

(৬) লাইসেন্সী বা তাহার লিখিত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা তাহার প্রতিনিধি বা কর্মচারী এই বিধির অধীন যে কোন ক্ষমতা প্রয়োগকালে সকল প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করিবেন এবং সকল ক্ষেত্রে-

(ক) ক্ষতিগ্রস্ত স্থাপনা, সেবা বা সুবিধাকে প্রয়োজনীয় মেরামতের মাধ্যমে বা অন্যবিধভাবে যথাসম্ভব পূর্বাবস্থায় ফিরাইয়া আনিবেন;

(খ) কার্য সম্পাদনের স্থান হইতে তজ্জনিত সকল আবর্জনা বা ধ্বংসোবশেষ সরাইয়া ফেলিবেন;

(গ) কোন সম্পত্তির ক্ষতি হইলে উহার মালিক বা দখলকার বা তত্ত্বাবধায়ককে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ক্ষতিপূরণ প্রদান করিবেন।

## চতুর্থ অধ্যায়
## ভাড়া

২১। **ভাড়া নির্ধারণ কমিটির সদস্যদের যোগ্যতা।**– নির্বাহী পরিচালক ব্যতীত ভাড়া নির্ধারণ কমিটির অন্যান্য সদস্যগণের নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:-

(ক) প্রজাতন্ত্রের কর্মে এবং গণপরিবহন সম্পর্কিত যে কোন কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের কর্ম অভিজ্ঞতা; অথবা

(খ) আইন ও তৎসংশ্লিষ্ট বিধি দ্বারা নিবন্ধিত এবং গণপরিবহন সম্পর্কিত কোন সমিতিতে পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের কর্ম অভিজ্ঞতা।

২২। **ভাড়া নির্ধারণের বিবেচ্য বিষয়।**– নিম্নোক্ত বিষয়াদি বিবেচনা করিয়া বিআরটি সেবা প্রদানের জন্য সর্বোচ্চ এবং সর্বনিম্ন ভাড়ার হার নির্ধারন করিতে হইবে, যথা:-

(ক) রুট এবং আরোহণের দূরত্ব;

(খ) প্রাপ্তবয়স্ক, শিশু, বৃদ্ধ এবং প্রতিবন্ধী ব্যক্তিগণ;

(গ) সামাজিক ও অর্থনৈতিক বিষয়; এবং

(ঘ) অন্যান্য গণপরিবহনের ভাড়ার সহিত সামঞ্জস্য রক্ষা।

## পঞ্চম অধ্যায়
## কারিগরি মান অনুমোদন

২৩। **কর্তৃপক্ষ কর্তৃক কারিগরি মান অনুমোদন ও মান পরিবর্তনের অনুমতি।**– (১) বিআরটি পরিচালনাকারী বিআরটি পরিচালনার জন্য কারিগরি মান প্রস্তুত করত: উহার অনুমোদনের জন্য কর্তৃপক্ষ বরাবর পেশ করিবেন। কর্তৃপক্ষ আইনের ১৭ ধারা অনুসারে উহা যাচাইপূর্বক গ্রহণযোগ্য বিবেচিত হলে অনুমোদন করিবেন।

(২) ধারা ১৭ এর উপ-ধারা (১) এর অধীন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কারিগরি মানের ক্ষেত্রে কোনরূপ পরিবর্তনের প্রয়োজন হইলে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক লাইসেন্সী কর্তৃপক্ষ বরাবর আবেদন করিবে, যথা:-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) কারিগরি মান পরিবর্তনের বিষয় এবং এলাকা;

(গ) কারিগরি মান প্রবির্তনের কারণ; এবং

(ঘ) কারিগরি মান পরিবর্তনের কারণে নিরাপত্তা এবং যাত্রীসেবা বিঘ্নিত হইবে না মর্মে নিশ্চয়তা।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন পর্যালোচনান্তে সন্তুষ্ট হইলে এবং মানদণ্ড পরিবর্তন অনিবার্য হইলে কর্তৃপক্ষ কারিগরি মান পরিবর্তনের অনুমতি প্রদান করিয়া আবেদনকারীর আবেদন মঞ্জুর করিবে।

২৪। **নির্মাণ পরিকল্পনা অনুমোদনের জন্য আবেদন।**– লাইসেন্সীকে নিম্নোক্ত বিষয়সমূহ উল্লেখপূর্বক নির্মাণ পরিকল্পনা অনুমোদনের জন্য কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে, যথা:-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) নির্মাণ কাজ যে সেকশনে (Section) করা হইবে তাহা শুরু এবং শেষ করিবার সম্ভাব্য তারিখ;

(গ) নির্মাণ পরিকল্পনার কপি;

(ঘ) তফসিল-২ এ বর্ণিত বিআরটি সুবিধার ধরন অনুযায়ী, দলিলপত্র সমূহ এবং নকশাসমূহ;

(ঙ) নির্মাণ ব্যয়ের পরিমাণ (Estimated Cost); এবং

(ছ) বিআরটি সুবিধা, আন্ত:মুখী বিআরটি অথবা অন্য কোন গণপরিবহন ব্যবস্থা অতিক্রম কিংবা সংযুক্ত হওয়ার সম্মতিপত্র অথবা চুক্তিপত্র।

২৫। **বিআরটি নির্মাণ পরিকল্পনার অনুমোদন।**– কর্তৃপক্ষ বিধি ২৪ এর অধীন আবেদনপত্র প্রাপ্ত হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে নির্মাণ পরিকল্পনা, ব্যবসা পরিকল্পনা ও মান অথবা বিশেষভাবে অনুমোদিত বর্ণনার (Exceptionally-Authorized Specification)সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে উক্ত আবেদন মঞ্জুর করিবে।

## ষষ্ঠ অধ্যায়
## নিরাপত্তা ব্যবস্থাপনা

২৬। **নিরাপত্তা ব্যবস্থাপনা সম্পর্কিত প্রতিবেদন দাখিলের পদ্ধতি।**– বিআরটি নিরাপত্তা নিশ্চিত করিবার উদ্দেশ্যে লাইসেন্সী তফসিল-৩ এ উল্লিখিত বিষয়সমূহ উল্লেখপূর্বক নিম্নোক্ত পদ্ধতিতে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করিবে, যথা:-

(ক) প্রতিবেদন লিখিত আকারে হইবে;

(খ) নিরাপত্তা নিশ্চিত করিবার উদ্দেশ্যে গৃহীত সকল ব্যবস্থা উল্লেখ করিতে হইবে;

(গ) নিরাপত্তা নিশ্চিতকল্পে গৃহীত পদক্ষেপ যতাযথ কি-না তৎমর্মে বিস্তারিত বিবরণ এবং প্রতিবেদনকালীন সময়ে নিরাপত্তা নিশ্চিতকল্পে গৃহীত উদ্যোগের সফলতা ও ব্যর্থতা সংক্রান্ত বিবরণ।

২৭। **প্রতিবেদন দাখিলের সময়।**– লাইসেন্সী প্রতি ৩ (তিন) মাসে বিআরটি নিরাপত্তা নিশ্চিতকল্পে গৃহীত পদক্ষেপ সংক্রান্ত প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে।

## সপ্তম অধ্যায়
## আপীল, ইত্যাদি

২৮। **আপীল কর্তৃপক্ষ।**– আইনের ধারা ২৬ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্যে পূরণকল্পে সরকার নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি আপীল কর্তৃপক্ষ গঠন করিবে, যথা:-

(ক) সরকারের সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(গ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কর্তৃক মনোনীত উক্ত বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল, পুরকৌশল বা তড়িৎ কৌশল বিভাগের একজন অধ্যাপক; এবং

(ঙ) সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী কর্তৃক উহার অতিরিক্ত প্রকৌশলী পদমর্যাদার একজন কর্মকর্তা, যিনি উহার সচিবও হইবে।

২৯। **আপীল দায়েরের পদ্ধতি।**– (১) লাইসেন্সী আইনের ধারা ২৪ এর উপ-ধারা (৪) এর অধীন প্রদত্ত আদেশে সংক্ষুদ্ধ হইলে ব্যক্তিগতভাবে অথবা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন প্রতিনিধি কর্তৃক লিখিতভাবে সরাসরি বা রেজিস্টার্ড ডাক মারফত আপীল দায়ের করিতে পারিবে।

(২) আপীল আবেদনের সহিত নিম্নবর্ণিত তথ্য ও কাগজপত্র সংযুক্ত করিতে হইবে, যথা:-

(ক) আপীলকারীর নাম ও ঠিকানা;

(খ) আপীল আপত্তির কারণসমূহ;

(গ) যে আদেশের বিরুদ্ধে আপীল দায়ের করা হইতেছে উক্ত আদেশের করি;

(ঘ) আবেদনকারীর আবেদনের স্বপক্ষে থাকা প্রয়োজনীয় দলিলাদি; এবং

(ঙ) আপীলের ফিস বাবদ ১ (এক) হাজার টাকা জমা প্রদানের ট্রেজারী চালান।

(৩) আবেদনে বর্ণিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক থাকা সম্পর্কে আবেদনপত্রের নিম্নের অংশে ঘোষণাপূর্বক স্বাক্ষর দ্বারা আপীলকারী প্রত্যয়ন করিবেন।

(৪) উপ-বিধি (১), (২) ও (৩) এ উল্লিখিত বিধান অনুসরণ ব্যতিরেকে কোন আপীল আবেদন নাকচের পূর্বে আবেদনকারীকে এই বিধিমালার বিধান মোতাবেক আবেদন দাখিল করিবার সুযোগ প্রদান করিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, আপীল কর্তৃপক্ষ যথাযথ মনে করিলে আপীল আবেদন নাকচের পূর্বে আবেদনকারীকে এই বিধিমালার বিধান মোতাবেক আবেদন দাখিল করিবার সুযোগ প্রদান করিতে পারিবে;

(৫) আপীল আবেদন নাকচ করিবার ক্ষেত্রে আপীল কর্তৃপক্ষ উহার কারণ উল্লেখপূর্বক আদেশ লিপিবদ্ধ করিবে এবং উহা আবেদনকারীকে অবহিত করিবে।

৩০। **আপীল কর্তৃপক্ষ কর্তৃক অনুসরণীয় পদ্ধতি।**– (১) আপীল আবেদনে উল্লিখিত প্রতিপক্ষের প্রতি নোটিশ জারিপূর্বক আপীল কর্তৃপক্ষ আপীল শুনানীর জন্য দিন ধার্য করিবে।

(২) আপীল কর্তৃপক্ষ, আপীল নিষ্পত্তির সুবিধার্থে প্রয়োজনীয় সকল কাগজ ও তথ্যাদি যে কোন সময় আপীলকারী বা প্রতিপক্ষের নিকট হইতে তলব করিতে পারিবে।

(৩) যদি আপীলকারী হাজির হয় কিন্তু প্রতিপক্ষ অনুপস্থিত থাকে, তাহা হইলে একতরফাভাবে আপীলের শুনানী করা যাইবে।

(৪) আপীল কর্তৃপক্ষ আপীলের স্বপক্ষে অধিকতর তথ্য বা দলিলাদি দাখিল বা তদন্ত পরিচালনা করিবার আদেশ প্রদান করিয়া শুনানী মুলতবি করিতে পারিবেন।

(৫) আপীল কর্তৃপক্ষ, পক্ষগণ বা কোন এক পক্ষের শুনানীর পর তর্খিত আদেশ, নির্দেশ বা জরিমানা অনুমোদন, রদবদল বা বাতিল করিতে পারিবে।

(৬) আপীল কর্তৃপক্ষ তাহার সিদ্ধান্তের অনুকূলে যুক্তিযুক্ত কারণ লিপিবদ্ধ করিবে এবং আপীলকারী কি প্রতিকার প্রাপ্য হইবেন তাহা উল্লেখ করিবে।

(৭) আপীল কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশের কপি অনুরূপ আদেশ প্রদানের তারিখ হইতে ৭ (সাত) দিনের মধ্যে আপীলকারী, কর্তৃপক্ষ ও সরকার বরাবর প্রেরণ করিতে হইবে।

**ফরম-ক**

**[বিধি ৩ দ্রষ্টব্য]**

**লাইসেন্সের জন্য আবেদনপত্র**

১। আবেদনকারীর নাম ও ঠিকানা:……………………………………………..

২। আবেদনকারীর ব্যবসায়িক ঠিকানা:…………………………………………….

৩। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ID No. এবং উহার সংযুক্ত অনুলিপি:……………

৪। হালনাগাদ ট্রেড লাইসেন্সের ক্রমিক নং এবং উহার সংযুক্ত অনুলিপি:…………………

৫। আয়কর প্রদান সংক্রান্ত ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (TIN) এবং উহার সংযুক্ত অনুলিপি………………………………..

৬। আর্থিক সক্ষমতার স্বপক্ষে ব্যাংক হিসাব বিবরণী সম্পর্কিত তথ্য:………………………..

৭। আবেদনকারীর বিগত ৩ (তিন) বৎসরের ব্যবসায়িক আয়-ব্যয়ের হিসাব এবং স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণীসহ সম্পদের নিরীক্ষিত ব্যালেন্স শীট সম্পর্কিত তথ্য এবং উহার সংযুক্ত অনুলিপি:……………………………………………..

৮। লাইসেন্স ফিস হিসাবে জমাকৃত অর্থে ব্যাংক-ড্রাফট বা পে-অর্ডার নং এবং উহার সংযুক্ত অনুলিপি (আইনের ধারা ৯(২) এ উল্লিখিত শর্তাংশের ক্ষেত্রে প্রযোজ্য নহে):…………………………

৯। আবেদনকারী যে এলাকায় বিআরটি নির্মাণ, উন্নয়ন বা পরিচালনা করিতে ইচ্ছুক সেই এলাকার বিস্তারিত বিবরণ:……………………………………….

১০। বিআরটি ব্যবসার বিবরণ (বিআরটি ব্যবস্থা স্থাপন, উন্নয়ন, পরিচালনা বা উক্ত ব্যবস্তার কোন স্থাপনা নির্মাণ কার্যক্রম পরিচালনা/বিআরটি সেবা প্রদান অথবা সেই লক্ষ্যে কোন যন্ত্রপাতি স্থাপন ও পরিচালনা):………………………………………………

১১। বিআরটি পরিচালনার মেয়াদ:………………………………………

১২। বিআরটি সেবা জনগণের জন্য উন্মুক্ত করিবার পরিকল্পিত সময়সূচি:……………

১৩। তফসিল-১ এ বর্ণিত বিআরটি'র রুট বিন্যাস.......................................

১৪। বিআরটি ব্যবস্থা সম্পর্কিত তথ্য-

(ক) বিআরটি ব্যবস্থার ধরন:..............................

(খ) বিআরটি'র একক অথবা দ্বৈত লেন:...........................

(গ) বিআরটি'র পরিচালন ব্যবস্থা:..............................

(ঘ) সর্বোচ্চ পরিকল্পিত গতি:................................

(ঙ) দৈনন্দিন পরিকল্পিত পরিবহন ক্ষমতা:.....................

(চ) স্টেশনসমূহের নাম এবং অবস্থানসমূহ:.....................

(ছ) বিআরটি ব্যবসার পরিধি এবং পরিকল্পনা:.................

১৫। নির্মাণ ব্যয়ের প্রাক্কলন এবং প্রাক্কলন অনুযায়ী অর্থের সংস্থান সম্পর্কিত তথ্য:..........

১৬। নির্মাণ আরম্ভের জন্য প্রয়োজনীয় তহবিলের পরিমাণ, আর্থিক কার্যক্রম এবং জমি ও সম্পত্তি সংগ্রহ সংক্রান্ত তথ্য:.......................

১৭। বিআরটি ব্যবস্থা স্থাপন, উন্নয়ন, পরিচালনা এবং সেই ব্যবস্থার কোন নির্মাণ কার্য সম্পাদনের জন্য ব্যবসার আর্থিক সামর্থ্য সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সম্পর্কিত তথ্য:..............................

১৮। আবেদনকারীর স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা:....................................

১৯। আবেদনকারীর বিগত ৩ (তিন) বৎসরের নগদ অর্থ (Cashflow) প্রবাহের প্রাক্কলন:.............

২০। নিরাপত্তা ব্যবস্থা সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র সম্পর্কিত তথ্য:..............

২১। অনুমোদিত পরিবেশগত প্রভাব নির্ণয়ের প্রতিবেদনের অনুলিপি সম্পর্কিত তথ্য:................

২২। আবেদনকারী আইনগত স্বত্তা (Legal Person) হইলে উহার-

(ক) নিবন্ধন সম্পর্কিত নিগমন প্রত্যয়নপত্র (Certificate of incorporation), সংঙঘস্মারক (Memorandum of Association), সংঙঘবিধির (Articales of Association) এর ক্রমিক নং এবং সংযুক্ত অনুলিপি:…………………………

(খ) পরিচালকগণের জাতীয় পরিচয়পত্রের ID No. এবং সংযুক্ত অনুলিপি:……………

(গ) সংঘের সদস্যবৃন্দের নামের তালিকা:……………………………………

[সংযুক্তি: প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে।]

**সত্যপাঠ**

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোন মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোন তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আইন ও বিধিমালার অধীন আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারীর স্বাক্ষর

সীলমোহর

তারিখ:……........

**ফরম-খ**

**[বিধি ৭ এর উপ-বিধি (৩)(ক) দ্রষ্টব্য]**

**বিআরটি লাইসেন্স**

লাইসেন্স নং:

ইস্যুর তারিখ:

মেয়াদ উত্তীর্ণের তারিখ:

নবায়নের তারিখ:

নবায়নকৃত লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ:

১। লাইসেন্সীর নাম:

কোম্পানীর নিবন্ধন নং:

ঠিকানা:

ফোন ও ফ্যাক্স:

ই-মেইল:

২। বিআরটি'র রুট:…………হইতে…………………মধ্য দিয়া……………………পর্যন্ত

৩। বিআরটি ব্যবসার পরিধি (বিআরটি নির্মাণ, পরিচালনা বা রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য কার্যক্রম/বিআরটি সেবা প্রদান অথবা সেই লক্ষ্যে কোন যন্ত্রপাতি স্থাপন ও পরিচালনা):…………………………………..

৪। লাইসেন্সের মেয়াদ:…………………..বঙ্গাব্দ হইতে …………….বঙ্গাব্দ পর্যন্ত

……………………......খ্রিস্টব্দ হইতে ……………খ্রিস্টাব্দ পর্যন্ত

৫। ব্যবসা পরিকল্পনা-

(ক) বিআরটি ব্যবস্থার ধরন:…………………………………

(খ) বিআরটি ব্যবস্থার উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ:………………..

(অ) একক অথবা দ্বৈত লেন:………………………

(আ) পরিচালন ব্যবস্থা:..................................

(গ) সর্বোচ্চ পরিকল্পিত গতি:..................................

(ঘ) পরিকল্পিত পরিবহন ক্ষমতা:...............................

(ঙ) স্টেমনসমূহের নাম এবং অবস্থানসমূহ:.......................................

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী:

(............................................)

স্বাক্ষর

সীলমোহর

**লাইসেন্সের শর্তাবলী:**

(১) লাইসেন্সী নিজ কোম্পানীর অথবা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের বোর্ডেকক্ষের দেওয়ালে অথবা কোন দৃষ্টিগ্রহ্য স্থানে লাইসেন্সের একটি অনুলিপি বাঁধাইকৃত অবস্থায় ঝুলাইয়া প্রদর্শন করিবে এবং নির্বাহী পরিচলক অথবা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা পরিদর্শক চাহিবামাত্র লাইসেন্সের মূল কপি প্রদর্শন করিতে বাধ্য থাকিবে।

(২) লাইসেন্সী, পরিদর্শককে বিআরটি লাইসেন্সের মেয়াদ, যন্ত্রপাতি ও সরঞ্জামের গুণগতমান, নিরাপত্তা ব্যবস্থা ও যাত্রী সেবার মান পরীক্ষা-নিরীক্ষার উদ্দেশ্যে বিআরটি এলাকার যে কোন স্থানে প্রবেশ করিতে দিতে বাধ্য থাকিবে।

(৩) লাইসেন্সী, পরিদর্শককে পরিদর্শনকালে লাইসেন্সীর যে কোন রেজিস্টার, নথিপত্র, দালিল-দস্তাবেজ, রিপোর্ট-রিটার্ন ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করিয়া ছায়ালিপি সংগ্রহ করিতে দিবে ও পরিদর্শকের জিজ্ঞাসাবাদের জবাব প্রদান করিবে।

(৪) লাইসেন্সী, লাইসেন্সের মেয়াদ অবসানের অন্যূন ৯০ (নব্বই) দিন পূর্বে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিবে।

(৫) লাইসেন্সী বিআরটি আইন, ২০১৬ ও ইহার অধীন প্রণীত বিধি ও প্রবিধির বিধানাবলী এবং কর্তৃপক্ষ ও সরকারের এতদসংশ্লিষ্ট নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন করিবে।

**ফরম-গ**

**[বিধি ১০ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]**

**লাইসেন্সের নবায়নের জন্য আবেদনপত্র**

১। আবেদনকারীর নাম ও ঠিকানা:…………………………………………..

২। আবেদনকারীর ব্যবসায়িক ঠিকানা:……………………………………………

৩। বিআরটি এলাকার বিবরণ:……………………………………………………

৪। বিআরটি ব্যবসার বিবরণ (বিআরটি ব্যবস্থা স্থাপন, উন্নয়ন, পরিচালনা বা উক্ত ব্যবস্থার কোন স্থাপনা নির্মাণ কার্যক্রম পরিচালনা/বিআরটি সেবা প্রদান অথবা সেই লক্ষ্যে কোন যন্ত্রপাতি স্থাপন ও পরিচালনা):…………………

৫। বিআরটি কোম্পানির ব্যবস্থাপনায় পরিবর্তন হইয়াছে কি না?.........................................................

৬। নবায়ন ফিস জমা প্রদান সংক্রান্ত ব্যাংক-ড্রাফট বা পে-অর্ডার নং (আইনের ধারা ৯(২) এ উল্লিখিত শর্তাংশের ক্ষেত্রে প্রযোজ্য নহে):…………………………..

[আবেদনপত্রের সহিত বিধি ১০ এর উপ-বিধি (২) এ বর্ণিত কাজগপত্র দাখিল করতে হইবে। ]

**সত্যপাঠ**

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোন মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোন তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আইন ও বিধিমালার অধীন আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারীর স্বাক্ষর

সীলমোহর

তারিখ:……........

**ফরম-ঘ**

**[বিধি ১৮ এর উপ-বিধি (৫) দ্রষ্টব্য]**

**লাইসেন্স পুন:ইস্যুর জন্য আবেদনপত্র**

১। আবেদনকারীর নাম ও ঠিকানা:…………………………………………..

২। আবেদনকারীর ব্যবসায়িক ঠিকানা:……………………………………………

৩। বিআরটি এলাকার বিবরণ:……………………………………………………

৪। বিআরটি ব্যবসার বিবরণ (বিআরটি ব্যবস্থা স্থাপন, উন্নয়ন, পরিচালনা বা উক্ত ব্যবস্থার কোন স্থাপনা নির্মাণ কার্যক্রম পরিচালনা/বিআরটি সেবা প্রদান অথবা সেই লক্ষ্যে কোন যন্ত্রপাতি স্থাপন ও পরিচালনা):…………………

৫। বিআরটি লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ:........................................................

৬। লাইসেন্স হারানো/নষ্ট হওয়া/ক্ষতিগ্রস্ত হওয়ার তারিখ:…………………………

৬। লাইসেন্স পুন:ইস্যু ফিস জমা প্রদান সংক্রান্ত ব্যাংক-ড্রাফট বা পে-অর্ডার নং (আইনের ধারা ৯(২) এ উল্লিখিত শর্তাংশের ক্ষেত্রে প্রযোজ্য নহে):…………………………..

[আবেদনপত্রের সহিত বিধি ১০ এর উপ-বিধি (২) এ বর্ণিত কাগজপত্র দাখিল করতে হইবে। ]

**সত্যপাঠ**

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোন মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোন তথ্য মিথ্যা বা কাজগাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আইন ও বিধিমালার অধীন আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারীর স্বাক্ষর

সীলমোহর

তারিখ:……........

**তফসিল-১**
**রুট বিন্যাস (Route Alignment) নকশা**
**('ফরম-ক' এর ক্রমিক নং ১৩ দ্রষ্টব্য)**

(১) প্ল্যান (Plan) এবং পরিলেখ (Profile): স্কেল (Scale) ১:২৫,০০০ হইতে বেশি হইবে, এমন নকশা প্রদর্শন করিবে-

(ক) প্রান্তিক (Terminal) স্টেশনদ্বয়ের নাম;

(খ) রুটের প্রধান স্থানসমূহ;

(গ) স্টেশনের নাম ও চেইনেজ (Chainage);

(ঘ) লেন কেন্দ্ররেখা ও প্রতি কিলোমিটার অন্তর ক্রমসঞ্চিত (Successively Increasing Distance) দূরত্ব:

(ঘ) ভৌগলিক (Geographic Formation) ও প্ল্যানিমেট্রিক (Planimetric) গঠন বৈশিষ্ট্য;

(ঙ) স্কেল এবং দিক নির্দেশনা (Directions)।

(২) উল্লম্ব প্রস্থচ্ছেদ (Vertical Cross-Section): অনুভূমিক (Horizontal) বরাবর স্কেল (Scale) ১:২৫,০০০ হইতে বেশি হইবে এবং উল্লম্ব বরাবর ১:২,০০০ হইতে বেশি হইবে, এমন নকশা প্রদর্শন করিবে-

(ক) লেন কেন্দ্ররেখা এ প্রতি ২০০ মিটার অন্তর বিদ্যমান ভূমিতল (Existing Ground Level) এবং গঠনস্তর (Formation Level) এর চেইনেজট (Chainage);

(খ) লেন কেন্দ্ররেখায় গ্রেডিয়েন্ট (Gradient);

(গ) স্টেশনের নাম ও চেইনজ;

(ঘ) টানেল (Tunnel) ও সেতু (Bridge) এর দৈর্ঘ্য এবং চেইনেজ;

(ঙ) স্কেল।

**তফসিল-২**
**নির্মাণ পরিকল্পনা**
**(বিধি ২৪ (ঘ) দ্রষ্টব্য)**

নিম্নবর্ণিত ১ হতে ৫ নং ক্রমিক পর্যন্ত বিষয়ে প্রযুক্তিগত ও প্রকৌশল সম্পর্কিত দলিলপত্র/নকশা/কারিগরি নির্মাণ নির্দেশিকা ইত্যাদি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

১। **বিআরটি ধরন অনুযায়ী উল্লেখযোগ্য বৈশিষ্টসমূহ:**

(ক) লেন সংখ্যা;

(খ) পরিচালক ব্যবস্থা;

(গ) লেনের বিস্তারিত বিবরণ;

(ঘ) সর্বোচ্চ পরিকল্পিত গতি; এবং

(ঙ) দৈনন্দিন পরিকল্পিত পরিবহন ক্ষমতা।

**তফসিল-৩**
**নিরাপত্তা ব্যবস্থাপনা সম্পর্কিত বিষয়বস্তু**
**(বিধি ২৬ দ্রষ্টব্য)**

(১) বিআরটি প্রকল্পের মূল দর্শন হইল নিরাপদ পরিবহন ব্যবস্থা নিশ্চিত করা।

(ক) সাধারণ নীতিমালা;

(খ) প্রণীত আইনসমূহের সাথে প্রাসঙ্গিক বিষয়সমূহের সম্মতি প্রদান (প্রণীত আইনের সাথে সংযুক্ত এবং অন্যান্য বিধিমালা বা প্রবিধানমালাসমূহ নিরাপদ পরিবহন ব্যবস্থার নিশ্চয়তা বিধান করিবে); এবং

(গ) নিরাপত্তা ব্যবস্থাপনার (Safety Management) সম্পর্কিত কার্যাবলী।

(২) নিরাপদ পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে বিআরটি সেবা এবং প্রশাসনের সঞ্চালনের জন্য প্রতিষ্ঠানিক কাঠামো গঠন:

(ক) প্রাতিষ্ঠানিক কাঠামো (Organization Structure);

(খ) নিরাপদ পরিবহনের জন্য কর্পোরেট ব্যবস্থাপক (Corporate Manager) এর আদেশপত্র;

(গ) নিরাপত্তা ব্যবস্থাপক (Safety Manager) এর আদেশপত্র;

(ঘ) পরিচালনা ব্যবস্থাপক (Operations Manager) এর আদেশপত্র;

(ঙ) ড্রাইভার নির্দেশনাকারী ব্যবস্থাপক (Driver Instruction Manager) এর বাছাইকরণ এবং আদেশপত্র প্রদান; এবং

(চ) নিরাপদ পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ সকল ব্যবস্থাপকের বাছাইকরণ এবং আদেশপত্র দান।

(৩) নিরাপদ পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে বিআরটি সেবা এবং প্রশাসনের সঞ্চালনের জন্য পদ্ধতির বিবৃতি:

(ক) তথ্য স্থানান্তর এবং ভাগ করে নেওয়া;

(খ) দুর্ঘটনা প্রতিরোধ ব্যবস্থা (Accident Prevention Measures) এর উন্নয়ন এবং কার্যকরীকরণ;

(গ) দুর্ঘটনা ও দূর্যোগ ব্যবস্থাপনা (Accicent and Disaster Management);

(ঘ) নির্বাহী এবং প্রশাসনিক ক্ষেত্রের প্রতি নজরদারি;

(ঙ) নিরাপত্তা ব্যবস্থাপনার পদ্ধতির ঘোষণা;

(চ) প্রসঙ্গিক আইনের সাথে যুক্ত তথ্যাদি, বিআরটি সেবা সংক্রান্ত সিদ্ধান্তের বিবরণী এবং নিরাপত্তা ব্যবস্থাপনার সহিত সম্পর্কিত অন্যান্য নথি প্রস্তুতকরণ এবং নিয়ন্ত্রণ;

(ছ) প্রশাসনিক ক্ষেত্রের কার্যনির্বাহ এবং উন্নয়ন সাধন; এবং

(জ) বাস পরিচালনা (Bus Operation) এবং প্রশাসনিক ক্ষেত্রে (Administration) সংযুক্ত করে-

(অ) বাস পরিচালনা পরিকল্পনা (Bus Operation Plan)এর নিরুপণ এবং পরিবর্তন সাধন;

(আ) বাসের ক্রু (Bus Crews) এবং বাসের পালাভিত্তিক পরিকল্পনা (Rostering Plan);

(ই) বাস ড্রাইভার (Bus Drivers) এবং অন্যান্য মূখ্য পরিচালনাকারী কর্মচারিবৃন্দের দক্ষতার প্রত্যয়নপত্র;

(ঈ) বাসের ক্রু এবং অন্যান্য জড়িতদের দক্ষতা বৃদ্ধি (Capacity Building) এবং বহাল রাখা;

(উ) বাস পরিচালনার নিয়ন্ত্রণ/বন্টন সাধন;

(ঊ) নিরাপদ বাস পরিচালনার জন্য অপরিহার্য তথ্য সংগ্রহ এবং হস্তান্তর;

(ঋ) দুর্ঘটনা, দূর্যোগ এবং অন্যান্য জরুরী অবস্থা ব্যবস্থাপনার কৌশল;

(এ) কাজের সাবকন্ট্রাক্ট (Subcontract); এবং

(ঝ) বিআরটি সুবিধা সংক্রান্ত নির্বাহী ও প্রশাসনিক কাজ সংযুক্ত করে-

(অ) বিআরটি সুযোগ-সুবিধাদি স্থাপন, উন্নতি সাধন এবং রক্ষণাবেক্ষণ (Maintenance) ;

(আ) স্থাপন এবং রক্ষণাবেক্ষণের সময় নিরাপত্তা বিধান;

(ই) স্থাপন এবং রক্ষণাবেক্ষণমূলক কাজে নিয়োজিত কর্মীদের ক্ষমতা বহাল রাখা; এবং

(ঈ) কাজের সাবকন্ট্রাক্ট।

(ঞ) বাস সংক্রান্ত কার্যনির্বাহ এবং প্রশাসনিক ব্যবস্থাপনা-

(অ) বাস প্রস্তুকরণ (Manufacturing), পুনর্বাসন (Rehabilitation) এবং রক্ষণাবেক্ষণ;

(আ) বাস রক্ষণাবেক্ষণকারী কর্মী (Bus Maintenance Personnel) দের পারিশ্রমিক নির্ধারণ; এবং

(ই) কাজের সাবকন্ট্রাক্ট।

(৪) নিরাপত্তা ব্যবস্থাপকের নিয়োগ (Appointment) এবং পদচ্যুতি ।

(৫) পরিচালনা ব্যবস্থাপক (Operations Manager) এর নিয়োগ এবং পদচ্যুতি।